



## তথ্য আমার অধিকার আপনি জানেন কি?



তথ্য অধিকার আইন অনুসারে খুব সহজে যে কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের তথ্য চেয়ে আবেদন করতে পারেন।

### তথ্য পাওয়ার নিয়ম:

- ✚ যে কোন নাগরিক তথ্য অধিকার আইনে বর্ণিত সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারেন। আবেদনকারীকে ২০ কর্মদিবস, প্রযোজ্য ক্ষেত্রে ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রদান করতে হবে।
- ✚ আবেদনকারী ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পেলে পরবর্তী ৩০ দিনের মধ্যে ঊর্ধ্বতন কর্মকর্তা বরাবর আপীল করতে পারেন।
- ✚ আপীল দায়েরের ১৫ দিনের মধ্যে আবেদনকারীকে তথ্য প্রদান অথবা আপীল নিষ্পত্তি করতে হবে।
- ✚ আপীল করে তথ্য না পাওয়া গেলে অথবা আপীল আদেশে সংক্ষুব্ধ হলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন।
- ✚ যদি কোন ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন গ্রহণ না করেন, সে ক্ষেত্রে আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন।

তথ্য অধিকার আইন ব্যবহার করে দুর্নীতি হ্রাস ও স্বচ্ছতা, জবাবদিহি এবং সুশাসন প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।

বীজ প্রত্যয়ন এজেন্সী, সদর দপ্তর, গাজীপুর।